

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৯৩৩

৯/ হাজ (হজ) (ৠৄ বা। كتاب الحج عن رسول الله প্রিচ্ছেদঃ উমরা ওয়াজিব কি - না।

باب مَا جَاءَ فِي الْعُمْرَةِ أَوَاجِبَةٌ هِيَ أَمْ لاَ

আরবী

حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الأَعْلَى الصَّنْعَانِيُّ، حَدَّتَنَا عُمَرُ بْنُ عَلِيِّ، عَنِ الْحَجَّاجِ، عَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ، عَنْ جَابِرٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم سُئِلَ عَنِ الْعُمْرَةِ أَوَاجِبَةٌ هِيَ قَالَ " لاَ وَأَنْ تَعْتَمِرُوا هُوَ أَفْضَلُ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَهُو قَوْلُ بَعْضِ أَهْلِ الْعِلْمِ قَالُوا الْعُمْرَةُ لَيْسَتْ بِوَاجِبَةٍ . وَكَانَ يُقَالُ هُمَا حَجَّانِ الْحَجُّ الأَكْبُرُ يَوْمَ النَّحْرِ وَالْحَجُّ الأَصْغَرُ الْعُمْرَةُ . وَقَالَ الشَّافِعِيُّ الْعُمْرَةُ سُنَّةٌ لاَ نَعْلَمُ أَحَدًا رَخَّصَ فِي النَّحْرِ وَالْحَجُ الأَصْغَرُ الْعُمْرَةُ . وَقَالَ الشَّافِعِيُّ الْعُمْرَةُ سُنَّةٌ لاَ نَعْلَمُ أَحَدًا رَخَّصَ فِي النَّيْحِ وَالْحَجُ النَّابِيِّ صلى الله عليه وسلم تَرْكِهَا وَلَيْسَ فِيهَا شَيْءٌ ثَابِتٌ بِأَنَّهَا تَطَوَّعٌ وَقَدْ رَوْيَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم بإسْنَادٍ وَهُوَ ضَعِيفٌ لاَ تَقُومُ بِمِثْلِهِ الْحُجَّةُ وَقَدْ بَلَغَنَا عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم بإسْنَادٍ وَهُوَ ضَعِيفٌ لاَ تَقُومُ بِمِثْلِهِ الْحُجَّةُ وَقَدْ بَلَغَنَا عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّهُ كَانَ يُوجِبُهَا . قَالَ أَبُو عِيسَى كُلُّهُ كَلاَمُ الشَّافِعِيِّ .

বাংলা

৯৩৩. মুহাম্মাদ ইবনু আবদুল আ'লা আস-সানআনী (রহঃ) জাবির (রাঃ) থেকে বর্ণিত আছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- কে উমরা সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছিল যে, এটা কি ওয়াজিব? তিনি বললেন, না তবে উমরা করবে। তা হলো আফ্যাল। - তিরমিজী হাদিস নম্বরঃ ৯৩১ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদিসটি হাসান-সহীহ্। এ হলো কোন কোন আলিমের অভিমত। তাঁরা বলেন, উমরা ওয়াজিব নয় এবং এ কথাও বলা হত যে, হজ্জ হলো দুটি। ইয়াওমুন্ নাহরে হলো হাজ্জে আকবার (বড় হজ্জ) আর হাজ্জে আসগার (ছোট হজ্জ) হলো উমরা। ইমাম শাফিঈ (রহঃ) বলেন, উমরা হলো সুন্নত (অথাৎ সুন্নাহ দ্বারা প্রামনিত অবশ্য করনীয় ইবাদত) এটি পরিত্যাগের কেউ অবকাশ রেখেছেন বলে আমরা জানি না। এটি নফল বলে কোন প্রতিষ্ঠিত প্রমাণ নাই। তিনি আরো বলেন, নবী থেকে এটি নফল বলে যে রিওয়ায়াত আছে তা যঈফ। এই ধরণের রিওয়ায়াত দলীল হিসাবে গ্রহনযোগ্য নয়। আমরা এ-ও জেনেছি যে, ইবনু আব্বাস (রাঃ) এটিকে ওয়াজিব মনে করতেন।



English

Jabir narrated that:

The Prophet was asked about whether Umrah was obligatory? He said: "No. But if you perform Umrah it is more virtuous."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন